প্রশিক্ষণে উজ্জীবন
জনসেবায় প্রাণপণ

বিসিএস প্রশাসন

# একাডেমি বার্তা

www.bcsadminacademy.gov.bd ▪ অক্টোবর-ডিসেম্বর ২০২৩ ▪ অগ্রহায়ণ ১৪৩০

এ সংখ্যায় যা আছে


- ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের উন্মুক্ত সেশন
- ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের Localization of SDG: Approach and Strategies শীর্ষক কর্মশালা আয়োজন।
- ১৩০ তম আইন ও প্রশাসন কোর্সের Climate Change Implications for Bangladesh শীর্ষক কর্মশালা
- ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের প্রশিক্ষণার্থীদের সরকারের অগ্রাধিকার প্রকল্প মেট্রোরেল পরিদর্শন
- ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের সমাপনী অনুষ্ঠান
- বিসিএস প্রশাসন একাডেমিতে ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস ২০২৩ পালন
- ৩৯তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান
- Leveraging the Fourth Industrial Revolution (4IR) for Training and Research: Strengthening BCSAA শীর্ষক কর্মশালা
- ৩৯তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের ৪র্থ মেস রজনী
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠান
- "MUJIB: The Making of A Nation"
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের কক্সবাজার স্টাডি ট্যুর
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের স্টাডি ট্যুর
- ২৯তম উন্নয়ন ব্যবস্থাপনা ম্যানেজমেন্ট প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন
- ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপন


## ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের উন্মুক্ত সেশন






১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের উন্মুক্ত সেশনে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম

গত ০৩ অক্টোবর ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১ম ঝউচগ (Sustainable Development and Project Management) কোর্সে উন্মুক্ত সেশন পরিচালনা করেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম। উন্মুক্ত সেশনে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির সম্মানিত রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক। উপস্থিত ছিলেন একাডেমির পরিচালক (প্রশাসন) জনাব মো: আব্দুর রাজ্জাক ও কোর্স পরিচালক ড. মোল্লা মাহমুদ হাসান।

## ১৩০তম আইন ও প্রশাসন কোর্সে Sustainable Development Goals শীর্ষক কর্মশালা আয়োজন






১৩০তম আইন ও প্রশাসন কোর্সে Sustainable Development Goals শীর্ষক কর্মশালা

১৫ অক্টোবর ২০২৩ তারিখে ১৩০তম আইন ও প্রশাসন কোর্সে Sustainable Development Goals শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির সম্মানিত রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক।

# ১৩০ তম আইন ও প্রশাসন কোর্সের Climate Change Implications for Bangladesh শীর্ষক কর্মশালা






১৩০তম আইন ও প্রশাসন কোর্সের গত ০৪/১০/২০২৩ তারিখের Workshop on Climate Change Implications for Bangladesh

# ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের প্রশিক্ষণার্থীদের সরকারের অগ্রাধিকার প্রকল্প মেট্রোরেল পরিদর্শন






১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের প্রশিক্ষণার্থগণ গত ০৭/১০/২০২৩ তারিখে Dhaka Mass Transit Company Limited পরিদর্শন করেন।

মেট্রোরেল মেগা প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী চিন্তার একটি ফসল এবং বাংলাদেশের গর্ব ও আকাঙ্ক্ষার প্রতীক। এটি বাংলাদেশের রাজধানীর গণপরিবহন ব্যবস্থায় একটি অনন্য মাইলফলক। ০৭ অক্টোবর ২০২৩ তারিখ বিসিএস প্রশাসন একাডেমির ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তারা ঢাকা মেট্রোরেল প্রকল্প পরিদর্শন করেন। অংশগ্রহণকারীরা উত্তরা সেন্টার স্টেশন থেকে আগারগাঁও স্টেশনে যাওয়ার আগে মেট্রোরেল প্রদর্শনী কেন্দ্রে তাঁদের পরিদর্শন শুরু করেন। ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তারা ঢাকা গণপরিবহন কোম্পানি (ডিএমটিসিএল) আয়োজিত একটি ব্রিফিং সেশনে অংশ নেন। এমআরটি লাইন-৫ এর অতিরিক্ত প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ আবদুর রউফ সেশনে নেতৃত্ব দেন এবং ডিএমটিসিএল- এর কার্যাবলী, দায়িত্ব, ঢাকা শহরে মেট্রোরেলের মাস্টার প্ল্যান, চলমান প্রকল্পের বিস্তারিত ব্যাখ্যা দেন এবং প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের প্রশ্নের উত্তর দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড. মোল্লা মাহমুদ হাসান, কোর্স পরিচালক ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্স। পরিদর্শনের উদ্দেশ্য ছিল প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের মেট্রোরেল প্রকল্পের বাস্তব জ্ঞান প্রদান করা এবং চলমান অগ্রগতি প্রত্যক্ষ করার সুযোগ দেওয়া। এই সফরের লক্ষ্য ছিল প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের এই ধরনের বিশাল মাপের প্রকল্প পরিচালনার নানাদিক এবং এই প্রকল্পের ভবিষ্যৎ সম্ভাবনা ও সুফল সম্পর্কে অবগত করা। সর্বোপরি এর সাথে জড়িত গুরুত্বপূর্ণ দায়িত্বগুলি বুঝতে সহায়তা করা।

# ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের সমাপনী অনুষ্ঠান






১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী

গত ১১ অক্টোবর ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ১ম SDPM (Sustainable Development and Project Management) কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক ড. মো: জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি, কোর্স পরিচালক ড. মোল্লা মাহমুদ হাসানসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

# বিসিএস প্রশাসন একাডেমিতে ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস ২০২৩ পালন





"শেখ রাসেল দীপ্তিময়, নির্ভীক নির্মল দুর্জয়" প্রতিপাদ্যে স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল-এর ৬০তম জন্মদিন উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে 'শেখ রাসেল দিবস-২০২৩' যথাযথ মর্যাদায় পালন করা হয়। দিবসের প্রথমভাগে ১৮ অক্টোবর ২০২৩ তারিখ বুধবার সকালে বিসিএস প্রশাসন একাডেমি প্রাঙ্গনে স্থাপিত শেখ রাসেল-এর অস্থায়ী প্রতিকৃতিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। বিসিএস প্রশাসন একাডেমির পক্ষ হতে পুষ্কস্তবক অর্পণ করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুকসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ। এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থার প্রধানগণ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ করেন।

১৯৬৪ সালের ১৮ অক্টোবরে ধানমন্ডির ৩২ নম্বর সড়কে বঙ্গবন্ধুর বাড়িটি আলোকিত করে জন্মগ্রহণ করেন শিশু শেখ রাসেল। শেখ রাসেল ছিলেন দুরন্ত ও প্রানোচ্ছল। তাঁর দুরন্তপনার সঙ্গী ছিল






জনপ্রশাসন মন্ত্রণালয় ও বিসিএস প্রশাসন একাডেমির পক্ষ হতে শেখ রাসেলের অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

বাইসাইকেলে। তিনি রাষ্ট্রীয় প্রকোটল ছাড়াই সাইকেলে করে স্কুলে যেতেন পাড়ার আর দশজন সাধারণ ছেলের মতো। ১৯৭৫ সালের ১৫ আগস্ট মাত্র ১১ বছর বয়সে জাতির পিতা বঙ্গবন্ধুসহ পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে ঘাতক খুনীদের হাতে হত্যার শিকার হন শেখ রাসেল।

পৃথিবীতে যুগে যুগে রাজনৈতিক হত্যাকান্ড ঘটেছে কিন্তু এমন নির্মম, নিষ্ঠুর এবং পৈশাচিক হত্যাকান্ড নজিরবিহীন। বঙ্গবন্ধুর নির্দেশে রাসেলকে নিয়ে পালানোর সময় ব্যক্তিগত কর্মচারীসহ রাসেলকে আটক করা হয়। আতঙ্কিত হয়ে শিশু রাসেল কেঁদে বলেছিলেন "আমি মায়ের কাছে যাব"। পরবর্তীতে সামনে লাশ দেখার পর অশ্রুসিক্ত কণ্ঠে মিনতি করেছিলেন, "আমাকে হাসু আপার (শেখ হাসিনা) কাছে পাঠিয়ে দিন"।

মা, বাবা, দুই ভাই, ভাইয়ের স্ত্রী, চাচা সবার লাশের পাশ দিয়ে হাটিয়ে নিয়ে সবার শেষে নিষ্ঠুরভাবে হত্যা করা হয় রাসেলকে। শিশু রাসেলকে হত্যার করার মধ্যে দিয়ে ঘাতকরা মানব সভ্যতার ইতিহাসে ঘৃণ্যতম অপরাধ করেছে। এ ধরনের নিষ্ঠুর হত্যাকান্ড শুধু রাসেলের জীবনকেই কেড়ে নেয়নি, সেই সাথে ধ্বংস করেছে তাঁর সকল অবিকশিত সম্ভাবনা।

পরবর্তীতে বিসিএস প্রশাসন একাডেমিতে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে সভায় মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সাবেক চেয়ারম্যান বাংলাদেশ সরকারি কর্ম কমিশন ড. মোহাম্মদ সাদিক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.। স্বাগত বক্তব্য প্রদান করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক।

# ৩৯তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান






উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী

গত ২২ অক্টোবর থেকে-------------২০২৩ তারিখ পর্যন্ত একাডেমিতে ৩৯তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে কোর্স পরিচালক শাহ আবদুল সাদীসহ বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এ প্রশিক্ষণ কোর্সে সরকারি ক্রয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

# Leveraging the Fourth Industrial Revolution (4IR) for Training and Research: Strengthening BCSAA শীর্ষক কর্মশালা






Leveraging the Fourth Industrial Revolution (4IR) for Training and Research: Strengthening BCSAA শীর্ষক কর্মশালায় অংশগ্রহণকারীবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমিতে গত ৩০ অক্টোবর ২০২৩ তারিখে "Leveraging the Fourth Industrial Revolution (4IR) for Training and Research: Strengthening BCSAA" বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তর/সংস্থার প্রধান অথবা প্রতিনিধি এবং ৩৯তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তা উপস্থিত ছিলেন। কর্মশালায় বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারের সাবেক সিনিয়র সচিব জনাব মো: আমিনুল ইসলাম খান। অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসিসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

# ৩৯তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান







৩৯তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে সমাপনী অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এর নিকট হতে সদনপত্র গ্রহণ

সিনিয়র সহকারী সচিব পর্যায়ে ২২ জন কর্মকর্তার অংশগ্রহণে ------ ২০২৩ একাডেমিতে ৩৯তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান সম্পন্ন হয়। বিসিএস প্রশাসন একাডেমির এমডিএস (উন্নয়ন ও গবেষণা) ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি এর সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ও কোর্স পরিচালক শাহ আবদুল সাদী এবং একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

# ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের ৪র্থ মেস রজনী




১৩০তম আইন ও প্রশাসন কোর্সের ৪র্থ মেস রজনী অনুষ্ঠানে ------------------------------------------------------------------

----নভেম্বর ২০২৩ তারিখে ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দের অংশগ্রহণে “নানা রঙের দিনগুলি” শীর্ষক ৪র্থ মেস রজনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ জনাব মো: মাহবুব হোসেন। মেস রজনীর সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নৃত্য, কবিতা আবৃত্তি ও কোরিওগ্রাফির মাধ্যমে দেশীয় সংস্কৃতি তুলে ধরা হয়। একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে একাডেমির এমডিএস (গবেষণা ও উন্নয়ন) ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি। একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ এবং ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ জনাব মো: মাহবুব হোসেন এবং বিসিএস প্রশাসন একাডেমি রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর উপস্থিতিতে ৩য় মেস কমিটি ৪র্থ মেস কমিটির কাছে যথারীতি ঘণ্টা বাজিয়ে দায়িত্ব হস্তান্তর করেন।

# ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠান




০৭ ডিসেম্বর ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে ০৫ (পাঁচ) মাস মেয়াদি ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া। অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি, কোর্স পরিচালক জনাব ইলিয়া সুমনাসহ, একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ০৫ (পাঁচ) মাস মেয়াদি আইন ও প্রশাসন কোর্সে প্রশাসন ক্যাডারের বিভিন্ন ব্যাচের ২১ (একুশ) জন নারী কর্মকর্তা ও ১৪ (চৌদ্দ) জন পুরুষ কর্মকর্তাসহ সর্বমোট ৩৫ (পঁয়ত্রিশ) জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশাসন ক্যাডারের ৩০ থেকে ৩৬ ব্যাচের সদস্য। প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের দক্ষ, যোগ্য, স্বপ্রণোদিত, সৃজনশীল ও উদ্যোগী কর্মকর্তা হিসেবে গড়ে তোলার জন্য ০৫ (পাঁচ) মাস মেয়াদি এ প্রশিক্ষণ কোর্সে প্রাসঙ্গিক আইন ও বিধি-বিধান, প্রশাসনিক রীতিনীতি, মানব সম্পদ ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স, সরকারি ক্রয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইংরেজি ও ফরাসি ভাষায় দক্ষতা বৃদ্ধি, নৈতিকতা ও মূল্যবোধ, শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ এবং উন্নয়ন কৌশল ও নীতি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই প্রশিক্ষণে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত কর্মকর্তাকে একাডেমির সর্বোচ্চ সম্মানসূচক পুরস্কার রেক্টর মেডেল প্রদান করা হয়।

## “MUJIB: The Making of A Nation”




বিসিএস প্রশাসন একাডেমির সম্মানিত রেক্টর (সচিব) ড. ওমর ফারুক মহোদয় গত ১৬ নভেম্বর, ২০২৩ ইং একাডেমিতে চলমান ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের নিয়ে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ অডিটরিয়ামে “MUJIB: THE MAKING OF A NATION” সিনেমাটি উপভোগ করেন। এসময় একাডেমির অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের কক্সবাজার স্টাডি ট্যুর




বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ ও কোর্স ম্যানেজমেন্ট টিম প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে গত ২৬ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত কক্সবাজার জেলায় চলমান বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড পরিদর্শন করেন। পরিদর্শনকৃত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে- ক) নির্মাণাধীন কক্সবাজার আন্তর্জাতিক বিমান বন্দর; খ) রোহিঙ্গা শরণার্থীদের ত্রাণ ও প্রত্যাবাসন কার্যক্রম; গ) নির্মাণার্ধীন কক্সবাজার আইকনিক রেলস্টেশন; ঘ) কক্সবাজার খুরুশকুল আশ্রয়ণ প্রকল্প ইত্যাদি।

## ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের স্টাডি ট্যুর




বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ ও কোর্স ম্যানেজমেন্ট টিম প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে গত ২৫ নভেম্বর ২০২৩ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লা পরিদর্শন করেন।

# ২৯তম উন্নয়ন ব্যবস্থাপনা ম্যানেজমেন্ট প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন






২৯তম উন্নয়ন ব্যবস্থাপনা ম্যানেজমেন্ট প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী।

উপসচিব পর্যায়ের ৬১ জন কর্মকর্তার অংশগ্রহণে ০৩/১২/২০২৩ তারিখ থেকে ২৮/১২/২০২৩ তারিখ পর্যন্ত একাডেমিতে ২৯তম উন্নয়ন ব্যবস্থাপনা ম্যানেজমেন্ট প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে কোর্স পরিচালক শাহ আবদুল সাদীসহ বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

# ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপন






বিসিএস প্রশাসন একাডেমিতে ১৬ ডিসেম্বর ২০২৩ উদযাপন

বাঙালি জাতির শ্রেষ্ঠ অর্জন স্বাধীনতা। তবে এ অর্জনের পেছনে রয়েছে দীর্ঘ শোষণ-বঞ্চনা, রক্তক্ষয়ী সংগ্রাম ও আত্মত্যাগের করুণ ইতিহাস। ৫২ এর ভাষা আন্দোলনের মধ্য দিয়ে স্বাধীনতার যে স্বপ্নযাত্রা শুরু হয়েছেল দীর্ঘ আন্দোলন সংগ্রাম ও নান চড়াই-উতরাই পেরিয়ে ১৯৭১ সালের ২৬ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক স্বাধীনতার ঘোষণার মাধ্যমে তা পূর্ণতা পায়। তাঁরই নেতৃত্ব ও দিকনির্দেশনায় পাকহানাদার বাহিনীর বিরুদ্ধে দীর্ঘ নয় মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর অর্জিত হয় চূড়ান্ত বিজয়।

বিসিএস প্রশাসন একাডেমিতে মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২৩ আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি তার বক্তবে বলেন, "লাখো শহিদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতার সুফল জনগনের দোরগোড়ায় পৌঁছে দিতে সরকার কর্মকর্তা-কর্মচারীদের সততা ও নিষ্ঠার সাথে তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে। আসুন, মুক্তিযুদ্ধের লক্ষ্য ও চেতনা বাস্তবায়নে নিজ নিজ অবস্থান থেকে আরও বেশি অবদান রাখি, দেশ ও জাতিকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে আরো এগিয়ে নিয়ে যাই, গড়ে তুলি বঙ্গবন্ধুর স্বপ্নের "সোনার বাংলা" এবং প্রধানমন্ত্রী ঘোষিত উন্নত-সমৃদ্ধ "স্মার্ট বাংলাদেশ"। এ হোক মহান বিজয় দিবসের শপথ"।

**সম্পাদনা পর্ষদ**

**উপদেষ্টা**
**ড. মো: ওমর ফারুক**
রেক্টর (সচিব)

**সম্পাদক**
**ড. নুরুন্নাহার চৌধুরী, এনডিসি**
মেম্বার ডিরেক্টিং স্টাফ
(উন্নয়ন ও গবেষণা)

**সদস্য**
**শাহ আবদুল সাদী**
পরিচালক
(গবেষণা ও প্রকাশনা)

**শুভাশিস ঘোষ**
উপপরিচালক
(গবেষণা ও প্রকাশনা)

**তাহমিনা আক্তার**
গবেষণা কর্মকর্তা